রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ৫১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২০, ২০১৮

সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮০১—৮১১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৪৩৩—১৪৫১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৮৬৫—৪০০৮ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) ....... সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) ....... বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ....... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ....... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ....... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ....... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[শুল্ক]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/৩০ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৫২/২০১৮/শুল্ক/৬২২।**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হিলি স্থলবন্দর, দিনাজপুরে স্থাপিত "মেসার্স হক ট্রেডার্স" নামীয় শুল্কমুক্ত বিপণীর (বণ্ড লাইসেন্স নং-০৬/কাস-এসবিডব্লিউ/২০১৪, তাং-২৫-১১-১৪) অনুকূলে ২০১৮-১৯ অর্থবছরে নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১. | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৩৪,০০০.০০ |
| ০২. | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ৩২,০০০.০০ |
| ০৩. | খাদ্যদ্রব্য, ইলেক্ট্রনিক্স ও অন্যান্য | ৩৪,০০০.০০ |
| | **সর্বমোট =** | **১,০০,০০০.০০** |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুলতান মোঃ ইকবাল**
সদস্য (শুল্ক : রপ্তানি, বন্ড ও আইটি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**[কাস্টমস]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/০৪ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৫৩/২০১৮/কাস্টমস/৬২৪** ।—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স র‌্যাংগস ইলেক্ট্রনিক্স লিঃ (বণ্ড লাইসেন্স নং-৮৫৭/কাস-এসবিডব্লিউ/২০১৩, তাং-১১-০৪-১৩) নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে ২০১৮-১৯ অর্থবছরে নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১. | সিগারেট/টোব্যাকো | ১,২০,০০০.০০ |
| ০২. | মদ/লিকার ও অন্যান্য ড্রিংক্স | ৪০,০০০.০০ |
| ০৩. | অন্যান্য পণ্য (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স, কনফেকশনারী ও কসমেটিক্স) | ৩০,০০০.০০ |
| | সর্বমোট = | ১,৯০,০০০.০০ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুলতান মোঃ ইকবাল**
সদস্য (শুল্ক : রপ্তানি, বন্ড ও আইটি)।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**প্রকল্প ব্যবস্থাপনা অধিশাখা-২**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৪ নভেম্বর ২০১৮

**নং ৫৩.০০.০০০০.৪৩২.১৪.০০১.১৬-১৬৮**—বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন-এর সংঘবিধির ৮.৩(ii) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত ০১ (এক) জনকে উক্ত প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে ০২ (দুই) বৎসরের জন্য সরকার মনোনীত সদস্য হিসেবে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হ'ল:

| ক্রমিক নং | নাম ও বর্তমান ঠিকানা | পদবি |
|---|---|---|
| ০১ | জনাব মো: হাবিবুর রহমান<br>অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ। | সদস্য |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৪৩২.১৪.০০১.১৬-১৬৯**—বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন-এর সংঘবিধির ৫.২(ii) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত ০৩ (তিন) জনকে উক্ত প্রতিষ্ঠানের সাধারণ পর্ষদে ০২ (দুই) বৎসরের জন্য সরকার মনোনীত সদস্য হিসেবে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হ'ল:

**সদস্যবৃন্দ :**

০১ ড. নাজনীন আহমেদ
সিনিয়র রিসার্চ ফেলো, বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ

০২ ড. মো: মোসলেহ উদ্দিন সাদেক
ইনস্টিটিউট ফর ইনক্লুসিভ ফিন্যান্স এন্ড ডেভেলপমেন্ট (আইএনএম), বাংলাদেশ

০৩ মো: শামীম হায়দার তালুকদার
ফাউন্ডার এন্ড চিফ এক্সিকিউটিভ অফিসার, এমিনেন্স এ্যাসোসিয়েটস ফর সোশাল ডেভেলপমেন্ট

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুর্শেদা জামান**
উপসচিব।

**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ নভেম্বর ২০১৮

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৮.১৭-৬৪১**—বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ এর ৭ ও ৮ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক জনাব আবুল মনসুর মোঃ ফয়জুল্লাহ, চেয়ারম্যান, পেট্রোবাংলা এর পরিবর্তে জনাব মোঃ সাইফুল ইসলাম, অতিরিক্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ-কে বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তবে সর্বোচ্চ ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মহিন উদ্দিন**
সহকারী প্রধান।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**সলিসিটর এর কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৫ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/৩০ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০২/সলিসিটর/২০০৯-২০১**—নিম্নেবর্ণিত ০৫ (পাঁচ) জন ডেপুটি অ্যাটর্নি-জেনারেলগণকে জনস্বার্থে মহামান্য রাষ্ট্রপতি পক্ষে নিয়োগাদেশ বাতিলক্রমে তাঁদের অব্যাহতি প্রদান করা হলো:

| ক্রমিক নং | নাম, পিতা ও নিবাস |
|---|---|
| ১ | জনাব জহিরুল হক জহির<br>পিতা-মৃত মোঃ আমিনুল হক<br>নিবাস-ব্রাহ্মণবাড়ীয়া। |
| ২ | জনাব আবদুল্লাহ আল মামুন<br>পিতা-আবদুল হাসেম<br>নিবাস-কিশোরগঞ্জ। |

| ক্রমিক নং | নাম, পিতা ও নিবাস |
|---|---|
| ৩ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম<br>পিতা-মোঃ মোবারক আলী<br>নিবাস-যশোহর। |
| ৪ | জনাব শেখ এ,কে,এম, মনিরুজ্জামান কবীর<br>পিতা-শেখ আব্দুর রউফ<br>নিবাস-সাতক্ষীরা। |
| ৫ | জনাব মনজুর কাদের<br>পিতা-মৃত মোঃ সেকেন্দার আলী<br>নিবাস-কুমিল্লা। |

২। ইহা অনতিবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জেসমিন আরা বেগম**
সলিসিটর।

---

**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ : ১৩ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/২৮ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং আর-৬/৭এন-৪৭/২০১৮-৪৭৮**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ শরীফুল ইসলাম, পিতা-মরহুম মোঃ আব্দুল জব্বার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্তত তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৫০/২০১৮-৪৭৯**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে গাজীপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব শাহানাজ পারভীন, পিতা-মরহুম মোঃ আব্দুল বাতেন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্তত তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১৫ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/৩০ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং আর-৬/৭এন-৫১/২০১৮-৪৯০**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে মৌলভীবাজার জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব পার্থ সারথী পাল, পিতা-মৃত প্রদ্যুম্ন কুমার পাল সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্তত তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

---

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ : ৩০ অক্টোবর ২০১৮ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-১৮৯/৮০-৬১৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ শওকত আল ওসমান, পিতা-দেওয়ান মোঃ ফজলুল করিম, মাতা-মোছাঃ শাহিনুর বানু, গ্রাম-মহাদেপুর, ডাকঘর-মহাদেবপুর, উপজেলা-মহাদেবপুর, জেলা-নওগাঁ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নওগাঁ জেলার মহাদেবপুর উপজেলার ০১ নং মহাদেবপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৩৫/২০০৫(অংশ)-৬১৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব সৈয়দ মোঃ তাওসিফুল হুদা, পিতা-সৈয়দ মছিউদ্দৌলা, মাতা-খালেদা খানম, গ্রাম-তেলপারই, ডাকঘর-ফতেপুর, উপজেলা-ফটিকছড়ি, জেলা-চট্টগ্রাম)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলার ১৭ নং জাফতনগর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-১৭/২০০২-৬১৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ শাফিউল আলম, পিতা-মৃত ফজলার রহমান, মাতা-মোছাঃ জেবুন নেছা, গ্রাম-বৈকুণ্ঠপুর, ডাকঘর-ভূষিরবন্দর, উপজেলা-চিরিরবন্দর, জেলা-দিনাজপুর)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলার ১১ নং তেঁতলিয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ০১ নভেম্বর ২০১৮ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-২১/২০১৩-৬২২**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব শেখর চন্দ্র সরকার, পিতা-সুধাংশু সরকার, মাতা-মৃত শুশিলা রানী, গ্রাম-পশ্চিম পাড়া বলিগ্রাম, ডাকঘর-মাত্রাই, উপজেলা-কালাই, জেলা-জয়পুরহাট)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে জয়পুরহাট জেলার কালাই উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগ লাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-২৬/২০১১-৬২৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব আহাম্মদ আলী, পিতা-জয়নাল আবেদীন, মাতা-সোনাবানু, গ্রাম-মুসলিম ব্লক, ০১নং ওয়ার্ড, ডাকঘর-মাইনীমূখ, উপজেলা-লংগদু, জেলা-রাঙ্গামাটি)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাঙ্গামাটি জেলার লংগদু উপজেলার ০৬ নং মাইনীমূখ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৯৪/২০১৭-৬২৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ আশাদুজ্জামান, পিতা-মোঃ ময়েন উদ্দিন, মাতা-মৃত রাফিয়া বেগম, গ্রাম-দক্ষিণ বগুলাগাড়ী বারঘড়ি পাড়া, ডাকঘর-রাজারহাট, উপজেলা-জলঢাকা, জেলা-নীলফামারী)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নীলফামারী জেলার জলঢাকা পৌরসভার ৫ ও ৬ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ নভেম্বর ২০১৮ খ্রিঃ

**নং ৪৫.০০.০০০০.১৭৩.০০২.০৫৮.১৮-৩২৭**—কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮-র ধারা ৯(১) এর বিধান মোতাবেক নিম্নবর্ণিত ১৫(পনের) সদস্য সমন্বয়ে পরবর্তী ০৩(তিন) বছর মেয়াদে (০৪-১১-২০১৮ থেকে ০৩-১১-২০২১ খ্রিঃ) ট্রাস্টি বোর্ড গঠন করা হলো :

**সভাপতি**

(ক) প্রফেসর ডাঃ সৈয়দ মোদাচ্ছের আলী

**সহ-সভাপতি**

(খ) ডাঃ মাখদুমা নার্গিস

**সদস্যবৃন্দ**

(গ) সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১ (এক) জন অতিরিক্ত সচিব

(ঘ) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১ (এক) জন অতিরিক্ত সচিব

(ঙ) সচিব, অর্থ বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১ (এক) জন অতিরিক্ত সচিব

(চ) সচিব, পরিকল্পনা বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১ (এক) জন অতিরিক্ত সচিব

(ছ) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর

(জ) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(ঝ) ব্যবস্থাপনা পরিচালক, এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড

(ঞ) সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ

(ট) সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি

(ঠ) সরকার কর্তৃক মনোনীত ৩ (তিন) জন বিশিষ্ট ব্যক্তি, যাহাদের মধ্যে অন্যূন ১ (এক) জন হইবেন মহিলা চিকিৎসক

**সদস্য-সচিব**

(ড) ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক

তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে সরকার, যে কোনো মনোনীত সদস্যকে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে তাহার দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে:

আরও শর্ত থাকে যে, সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে উক্তরূপ কোনো সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

০২। কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮-র ধারা ১০ এর বিধান মোতাবেক ট্রাস্টি বোর্ডের দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে গ্রামের মানুষকে নিরবচ্ছিন্ন সমন্বিত প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশাসনিক, আর্থিক ও অন্যান্য ব্যবস্থাপনা;

(খ) তহবিলের জন্য অর্থ সংগ্রহ ও ব্যবহার;

(গ) ট্রাস্টের সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ;

(ঘ) গ্রামীণ জনগণের সমন্বিত প্রাথমিক স্বাস্থ্যসেবা কর্মসূচি অথবা কার্যক্রমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসহ সামাজিক সংগঠনসমূহ, বেসরকারি সংস্থা এবং সমাজের বিত্তশালীদের সম্পৃক্তকরণ;

(ঙ) কমিউনিটি ক্লিনিকের ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ;

(চ) স্বাস্থ্যসেবায় জনগণের অংশগ্রহণ ও প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রাপ্তি নিশ্চিত করিবার জন্য কমিউনিটি ক্লিনিকের আওতাভুক্ত এলাকাসমূহের জনগণের মধ্য হইতে মনোনীত প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত কমিউনিটি গ্রুপকে কার্যকর ও গতিশীলকরণ;

(ছ) কমিউনিটি ক্লিনিক পরিচালনায় কমিউনিটি গ্রুপকে সহযোগিতা এবং গ্রামীণ জনগণের স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টিসেবা নিশ্চিত করিবার জন্য স্বেচ্ছাপ্রণোদিত মহিলা, পুরুষ, কিশোর অথবা কিশোরীসহ সমাজের সর্বস্তরের প্রতিনিধিত্বকারী প্রয়োজনীয় সংখ্যক ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত কমিউনিটি সাপোর্ট গ্রুপকে কার্যকর ও গতিশীলকরণ;

(জ) সমন্বিত প্রাথমিক স্বাস্থ্যসেবার আওতা ও পরিধি প্রবিধান দ্বারা নির্ধারণ;

(ঝ) ট্রাস্ট ও কমিউনিটি ক্লিনিকের সকল কার্যক্রমে ডিজিটাল পদ্ধতির ব্যবহার, প্রযোজ্য ক্ষেত্রে, নিশ্চিতকরণ; এবং

(ঞ) সরকার এবং উপদেষ্টা পরিষদ কর্তৃক নির্দেশিত অন্যান্য কার্যাবলি সম্পাদন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস এম জাহাঙ্গীর হোসেন**
সিনিয়র সহকারী সচিব।

---

**[ একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে ]**
**নির্মাণ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩১ অক্টোবর ২০১৮ খ্রি:

**নং ৪৫.০০.০০০.১৫৬.৯৯.০৭১.১৮-৬৩১**—স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের 'ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট' শীর্ষক অপারেশনাল প্ল্যানের আওতায় নির্মিতব্য পটুয়াখালী সদর উপজেলাধীন ৫ নং কমলাপুর ইউনিয়নের ভায়লা ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের নাম "মোহাম্মদ কালু মোল্লা ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ভায়লা" হিসেবে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আলমগীর হোসেন**
উপসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৩১ অক্টোবর ২০১৮ খ্রিঃ

**নং ৪৫.০০.০০০.১৫৬.৯৯.০৭১.১৮-৬৩১**—স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের 'ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট' শীর্ষক অপারেশনাল প্ল্যানের আওতায় নির্মিতব্য পটুয়াখালী সদর উপজেলাধীন ৫ নং কমলাপুর ইউনিয়নের ভায়লা ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের নাম "কালু মোল্লা ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ভায়লা" হিসেবে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.০০.০০০.১৫৬.৯৯.০৭১.১৮-৬৩২**—স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের 'ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট' শীর্ষক অপারেশনাল প্ল্যানের আওতায় নির্মিতব্য গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলাধীন কৃষ্ণাদিয়া ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের নাম "শেখ তফুরননেছা রাজ্জাক ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র" হিসেবে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.০০.০০০.১৫৬.৯৯.০৭১.১৮-৬৩৩**—স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের 'ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট' শীর্ষক অপারেশনাল প্ল্যানের আওতায় নির্মিতব্য চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার ছিপাতলী ইউনিয়নের ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের নাম "ছিপাতলী এম. কে ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র" হিসেবে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আলমগীর হোসেন**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১০ কার্তিক ১৪২৫/২৫ অক্টোবর ২০১৮

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৭৫০**—যশোর জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নং-১০২, তারিখ ২৩-১০-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত গ্রেনেড বডি, টিউব, পিস্তল, গুলি ভর্তি ম্যাগজিন ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা বিস্ফোরক দ্রব্যাদি, নাইট্রিক এসিড, আগ্নেয়াস্ত্র ও গুলি নিজ হেফাজতে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৭৫১**—চট্টগ্রাম জেলার কোতোয়ালী থানার মামলা নং-২৭, তারিখ ০৮-০২-২০১৮ এর তদন্তে এবং ঘটনাস্থল হতে প্রাপ্ত ইটের টুকরা, বাশেঁর লাঠি, লোহার রড ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জনমনে আতংক সৃষ্টি ও যানচলাচলে বিঘ্ন করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৭৫২**—রাজশাহী জেলার চারঘাট থানার মামলা নং-০৪, তারিখ ০৬-১১-২০১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত ককটেল/বোমা, ব্যাগ, মোবাইল ফোন, বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জনমনে আতংক সৃষ্টির উদ্দেশ্যে বোমা তৈরি, সংরক্ষণ, হেফাজতে রাখা ও জিহাদী বই সংরক্ষণ করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৭৫৩**—রাজশাহী জেলার পুটিয়া থানার মামলা নং-৩৩, তারিখ ২৫-০২-২০১৮ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত পিস্তল, গান পাউডার, রশিদ, মোবাইল সেট, বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা গান পাউডার, বোমা, জিহাদী বইসহ সমবেত হয়ে ধর্মীয় ও রাষ্ট্র বিরোধী কার্যকলাপের সহযোগিতা ও প্ররোচণা প্রদানের অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৭৫৪**—সিলেট জেলার জকিগঞ্জ থানার মামলা নং-১৬, তারিখ ২৬-০৮-২০১৬ এর তদন্তে ও ঘটনাস্থল হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রমাণিত হয়েছে যে, আসামীরা দেশের সম্পত্তির ক্ষতিসাধনসহ সনাতন ধর্মাবলম্বি ও বিশিষ্ট জনদের হত্যার উদ্দেশ্যে একত্রিত হয়ে ষড়যন্ত্র করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৭৫৫**—গাজীপুর জেলার জয়দেবপুর থানার মামলা নং-১৩, তারিখ ০৫-০৭-২০১৭ এর তদন্তে ও ঘটনাস্থল হতে প্রাপ্ত মোবাইল ফোন, বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রমাণিত হয়েছে যে, আসামীরা দেশের আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা নষ্ট করার চক্রান্তে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৭৫৬**—গাজীপুর জেলার জয়দেবপুর থানার মামলা নং-৬, তারিখ ০২-১১-২০১৫ এর তদন্তে ও ঘটনাস্থল হতে প্রাপ্ত ককটেল, পেট্রোল বোমা, বিভিন্ন প্রকার জিহাদী বই ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস ও নাশকতামূলক কর্মকান্ডের চেষ্টা ও সহায়তার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৭৫৭**—গাজীপুর জেলার জয়দেবপুর থানার মামলা নং-১৮২, তারিখ ২৬-১০-২০১৫ এর তদন্তে ও ঘটনাস্থল হতে প্রাপ্ত পেট্রোল বোমা, পুরাতন মোটর সাইকেল ও প্রাইভেটকার ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা অবৈধভাবে নিজ দখলে পেট্রোল বোমা রেখে নাশকতামূলক কর্মকান্ড করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৭৫৮**—মাদারীপুর জেলার সদর মডেল থানার মামলা নং-৪৫, তারিখ ১৬-০৬-২০১৬ এর তদন্তে ও ঘটনাস্থল হতে প্রাপ্ত চাপাতি, হ্যান্ডগ্লোভস ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ ঘোষিত হিযবুত তাহরির এর সমর্থনে সংখ্যালঘু সম্প্রদায় ও বুদ্ধিজীবীদের হত্যার উদ্দেশ্যে মারাত্মক জখম ও সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৭৫৯**—বগুড়া জেলার শিবগঞ্জ থানার মামলা নং-০৬, তারিখ ০৭-১২-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পিস্তল, গুলি, চাকু ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে দেশের মধ্যে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টিসহ সন্ত্রাসী কার্যক্রম পরিচালনা করার জন্য আগ্নেয়াস্ত্র ও অস্ত্র-শস্ত্র নিজ দখলে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৭৬০**—রংপুর জেলার কোতোয়ালী থানার মামলা নং-২৩, তারিখ ০৬-০২-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বাঁশের লাঠি, রড, ইটের টুকরা ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাসমূলক কর্মকান্ড করার জন্য সমবেত হয়ে ষড়যন্ত্র করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৭৬১**—গাইবান্ধা সদর থানার মামলা নং-৫৯, তারিখ ৩১-০১-২০১৭ এর তদন্তে ও ঘটনাস্থল হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার জিহাদী বই, টেলিভিশন, পিসি ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নাশকতার পরিকল্পনার উদ্দেশ্যে গোপনে ষড়যন্ত্রসহ অপরাধ সংগঠন, প্রচেষ্টা ও সহযোগিতার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৫৭.১৭.৭৬২**—সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, আমলী আদালত, ময়মনসিংহ এর কোর্ট দরখাস্ত মামলা নং-১১১৮/১৭ এ বর্ণিত আসামীর বিরুদ্ধে দণ্ডবিধি, ১৮৬০ এর ১২৩(ক)/১২৪(ক) ৫০০ ধারার বিধান মোতাবেক প্রসিকিউশন দাখিলের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারামতে এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৮.১৮.৭৬৩**—দিনাজপুর জেলার চিরিরবন্দর থানার মামলা নং-২৪, তারিখ ৩০-১১-২০১৭ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত ব্যাগ, বিভিন্ন প্রকার জিহাদী বই, মোবাইল ফোন ও অন্যান্য জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ ঘোষিত, সংগঠন জেএমবির সদস্য হয়ে সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহমিনা বেগম**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ/০১ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৩৩.২০১৮.৭৭৫**—যশোর জেলার বাঘারপাড়া থানার মামলা নং-০৬, তারিখ ০৮-১০-২০১৮ এ উল্লিখিত আসামীর বিরুদ্ধে আনীত অভিযোগে মামলারুজু/তদন্তের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মফিজুল ইসরাম**
সহকারী সচিব।

## সুরক্ষা সেবা বিভাগ
## কারা-২ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/০৮ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৮৫.২৩.০১৯.১৮-৭৭৫**—১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২০১৮ উপলক্ষে লঘু অপরাধে দন্ডিত, অর্ধেকের বেশি সাজাভোগকৃত এবং অচল ও অক্ষম কয়েদিদের মুক্তি প্রদানের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধির ৪০১(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত ১০ (দশ) জন কয়েদির মোট সাজার অবশিষ্ট দন্ড মওকুফ করেছেন:

| ক্র: নং | কয়েদি নম্বর, নাম, পিতার নাম, বয়স ও মামলা নম্বর | কারাগারের নাম |
|---|---|---|
| ১. | কয়েদি নং-৭৮৮৩/এ মায়া রায়, স্বামী-মৃত শচীন্দ্রনাথ রায়, বয়স-৫৯ বছর, মামলা নম্বর : কোটালীপাড়া সি. আর-২৩২/১৪ | গোপালগঞ্জ জেলা কারাগার |
| ২. | কয়েদি নং-২৮৭৪/এ, উজ্জল শেখ, পিতা-বক্কার শেখ, বয়স-৩২ বছর, মামলা নম্বর : আলফাডাঙ্গা জি, আর-১১০/২০০৭। | ফরিদপুর জেলা কারাগার |
| ৩. | কয়েদি নং-৫৭৪১/এ, মোঃ আব্দুর রশিদ, পিতা-মোঃ আব্দার আলী, বয়স-৪২ বছর, মামলা নম্বর : জি আর-১৮৪/১০(আদিত)। | লালমনিরহাট জেলা কারাগার |
| ৪. | কয়েদি নং-৫৮৪৩/এ, মোঃ মান্নান, পিতা মোঃ মোজাফফর, বয়স-৩৯ বছর, মামলা নম্বর : জি আর-১১২/০৭ (নওগাঁ। | বগুড়া জেলা কারাগার |
| ৫. | কয়েদি নং-৭৩৪৫/এ, মোঃ জামাল, পিতা-মৃত আফজাল হোসেন, বয়স-৪৬ বছর, মামলা নম্বর : এস, পি-২০২/১৭, জি আর-১৭৬/১০(আদমদিঘী)। | |
| ৬. | কয়েদি নং-২২৪৪/এ, শফি, পিতা-আবুল হোসেন, বয়স-৪৮ বছর, মামলা নম্বর : ০৯(১১)৯১, জি, এর-১২৬/৯১। | চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার |
| ৭. | কয়েদি নং-৬৮৭৭/এ, মোঃ গিয়াস উদ্দিন, পিতা-মনু মিয়া @ মনু ডাকাত, বয়স-৩৬ বছর, মামলা নম্বর : ৪(৫)০৩, জি, আর-৭৬/০৩। | |
| ৮. | কয়েদি নং-৮৩৪০/এ, মোঃ নাজমুল হোসেন পিতা-আঃ করিম @ হিরু কারিগর, বয়স-২৪ বছর, মামলা নম্বর : সি, আর-৩৩৩/১৫ (সন্দীপ)। | |
| ৯. | কয়েদি নং-৯৪৭১/এ, সবুজ ড্রাইভার পিতা-মৃত বাবুল ড্রাইভার, বয়স-৩০ বছর, জি. আর নং-৩৫৫/১০, সীতাকুন্ড থানার মামলা নং ০৬(৯)১০ | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার |
| ১০. | কয়েদি নং-৪৪২১/এ, নাসির, পিতা-সামু মোল্লা, বয়স-৩৯ বছর, মামলা নম্বর : জি, আর-৩১০/০২। | কুষ্টিয়া জেলা কারাগার |

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে উপরোক্ত কয়েদিদের আটক রাখার আবশ্যকতা না থাকলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আলী**
সহকারী সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পাস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ নভেম্বর ২০১৮

**নং ৪৬.০০.০০০০.০৮৫.১১.৪১.২০১৭-৬৯৩**—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর ৬(১)(ঝ) ও ৬(৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে), চট্টগ্রাম বিভাগের নবনির্বাচিত যুগ্ম-মহাসচিব জনাব মহসীন কাজীকে চট্টগ্রাম ওয়াসা বোর্ডের সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হলো। তিনি পূর্বের সদস্য বিএফইউজে চট্টগ্রাম বিভাগের সাবেক যুগ্ম-মহাসচিব জনাব তপন চক্রবর্তী এর স্থলাভিষিক্ত হবেন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সাঈদ-উর-রহমান**
উপসচিব।

**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : **১৬** কার্তিক **১৪২৫** বঙ্গাব্দ/**৩১** অক্টোবর ২০১৮ খ্রিঃ

**নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০২০.১৭-১০২৮**—যেহেতু, জনাব মোঃ রুহুল আমিন, নির্বাহী প্রকৌশলী, চলতি দায়িত্ব, এলজিইডি, ঝালকাঠি, কুড়িগ্রাম জেলার নির্বাহী প্রকৌশলী হিসেবে কর্মরত থাকাকালীন কুড়িগ্রাম জেলাধীন ভুরুঙ্গামারী উপজেলায় থানাঘাট-সাহেবগঞ্জ বর্ডার সড়কের **১৫৫** মিঃ চেইনেজে ফুলকুমার নদীর উপর ৪৫ মিঃ দীর্ঘ সেতুর নির্মাণ কাজে নিম্নবর্ণিত অনিয়ম করেছেন; যেহেতু, তিনি কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী উপজেলায় থানাঘাট-সাহেবগঞ্জ বর্ডার সড়কে **১৫৫** মিঃ চেইনেজে ফুলকুমার নদীর উপর ৪৫ মিঃ দীর্ঘ সেতুর নির্মাণ কাজে সামগ্রীর টেস্ট করার ব্যবস্থা গ্রহণ করেননি। কোন কনক্রিট সিলিন্ডার সংরক্ষণ না রেখে মেটেরিয়াল টেস্ট ব্যতীত **১৭**টি পাইলের ঢালাই করেছেন। Abutment A2 এর পাইল পি(৬) এর **৩**টির পরিবর্তে **১**টি মাত্র MS রডের খাঁচা ব্যবহার করছেন। Cylinder/Cube mold সংগ্রহ/সরবরাহ নিশ্চিত করেননি। Bentonite slury Tank তৈরী নিশ্চিত না কারেই ঠিকাদারকে কাজ আরম্ভ করার সুযোগ সৃষ্টি করে দিয়েছেন।

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় তাঁর দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য স্থানীয় সরকার বিভাগীয় যুগ্ম-সচিব (পলিসি সাপোর্ট) জনাব আব্দুর রউফকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে "সরকারি কর্মচারী (শৃঙ্খালা ও আপীল) বিধিমালা, **১৯৮৫**" এর ৩(বি) বিধিতে বর্ণিত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে: এবং

সেহেতু, জনাব মোঃ রুহুল আমিন, নির্বাহী প্রকৌশলী, চলতি দায়িত্ব, এলজিইডি, ঝালকাঠি, কুড়িগ্রাম এর বিরুদ্ধে "সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪ (২) (খ) বিধিতে বর্ণিত লঘু দণ্ড হিসেবে তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি **১**(এক) বছরের জন্য স্থগিত রাখার দন্ড আরোপ করা হল। **১**(এক) বছর পর তিনি বার্ষিক বর্ধিত বেতনাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/০৪ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০০.০০০০.০৬৭.০০৬.২০১৭-১০৩৪**—যেহেতু, জনাব মোঃ মাহবুব উল হক, উপজেলা সহকারী প্রকৌশলী (উপজেলা প্রকৌশলীর অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত), উপজেলা প্রকৌশলীর কার্যালয়, গাংনী, মেহেরপুর এলজিইডির আওতায় "তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচীর অধীন" মেহেরপুর জেলার গাংনী উপজেলায় নবীনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় "বাঁশের পর এবার সিমেন্ট ছাড়াই স্কুল নির্মাণ, ভেঙ্গে পড়ল সিড়ি" মর্মে দৈনিক আমাদের সময় ডট কম পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। তদ্‌প্রেক্ষিতে তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা করে উক্ত বিদ্যালয় নির্মাণে অনিয়মের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, **১৯৮৫** অনুযায়ী এ বিভাগের ০৭-০৩-২০১৭ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৬৭.০০৬.২০১৭-২২০ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয়।

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় তাঁর দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, **১৯৮৫** এর ৩(এ) ও ৩(বি) বিধিতে বর্ণিত অদক্ষতা ও অসদাচরণ অভিযোগ প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও দলিলপত্রাদি পর্যালোচনায় আনীত অভিযোগ এবং অভিযুক্ত কর্মকর্তার দুই দফা জবাব এবং সংযুক্ত দলিলপত্রাদি পর্যালোচনায় দেখা যায়-অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মাহবুব উল হক, উপজেলা সহকারী প্রকৌশলী (উপজেলা প্রকৌশলীর অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত), উপজেলা প্রকৌশলীর কার্যালয়, গাংনী, মেহেরপুর-এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহের মধ্যে দুটি অভিযোগ অর্থাৎ Lintel এর ক্ষেত্রে Level Maintain

না করে এবং সঠিক আকার নিশ্চিত না করে অবহেলার সাথে Lintel ঢালাই করণ ও আর্থিক দুর্নীতির অভিযোগ ব্যতীত অন্যান্য অভিযোগ অর্থাৎ স্পেসিফিকেশন বর্হিভূত re-bar ব্যবহার করা, ঢালাইকৃত ৪টি কলামের Vertical Alignment সঠিকভাবে না করা; নির্মাণাধীন ভবনটির বীমে প্রচুর Honeycomb এর উপস্থিতি; সঠিকভাবে কিউরিং না করা; ঢালাইকৃত আরসিসি minimum strength অর্জনে ব্যর্থ হওয়ায় এবং সার্বিকভাবে কাজের workmanship নিম্নমানের হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধিতে বর্ণিত অদক্ষতা ও অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

সেহেতু, আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং অভিযুক্তের সকল জবাব ও দলিলপত্র পর্যালোচনা করে অপরাধের প্রকৃতি বিবেচনায় জনাব মোঃ মাহবুব উল হক, উপজেলা সহকারী প্রকৌশলী (উপজেলা প্রকৌশলীর অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত), উপজেলা প্রকৌশলীর কার্যালয়, গাংনী, মেহেরপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক রুজুকৃত বিভাগীয় মামলায় একই বিধিমালার ৩(ক) ও ৩(খ) বিধিতে বর্ণিত অদক্ষতা ও অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(খ) বিধিতে লঘুদণ্ড হিসেবে বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ দণ্ড আরোপ করা। এ দণ্ড দুই বছর বলবৎ থাকবে। দুই বছর পর তিনি বিধি মোতাবেক দণ্ড আরোপের পূর্বের গ্রেডের বেতন পাবেন এবং তিনি উক্ত দুই বছরের কোন বকেয়া বেতন পাবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

---

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ নভেম্বর ২০১৮

**নং ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৬.১৮-১৩৩৪**—যেহেতু, জনাব তোফাজ্জল হোসেন (পিতা-মৃত তাজের উদ্দিন, গ্রাম-সাতাহার, ডাকঘর: সান্তাহার, উপজেলা-আদমদীঘি, জেলা-বগুড়া) বগুড়া জেলার সান্তাহার পৌরসভার মেয়র; এবং

যেহেতু, জনাব তোফাজ্জল হোসেন সহ ০৩ জনকে আসামী করে বগুড়া জেলার আদমদিঘী থানার মামলা নম্বর ১০(১)১৬ জিআর ১০/১৬ (দায়রা মামলা নং ১৭৯৮) ধারা-৩৪১/৩২৩/৩৮৫/৩৭৯/৫০৬/১১৪ দ: বি: দায়ের করা হয়; এবং

যেহেতু, বর্ণিত মামলার অভিযোগপত্র-১৫৫, তারিখ ০৩-১০-২০১৬ এর বিবরণ অনুযায়ী নির্বাচনী পূর্ব শত্রুতার আক্রোশের জের ধরে জনাব তোফাজ্জল হোসেন সহ আসামীগণ গত ০২-০১-২০১৬ তারিখ রাত অনুমান ৮:০০ ঘটিকায় সান্তাহার বটতলায় বাদী মোঃ শহিদ মোল্লা এর পথ রোধ করে বটতলা সংলগ্ন মালগুদামের পার্শ্বে ট্রাক স্ট্যান্ডের কাছে নিয়ে আসামী তোফাজ্জল হোসেন এর হুকুমে অন্যান্য আসামীগণ বাদীকে এলোপাথাড়ী মারধর করে। আসামী তোফাজ্জল হোসেন বাদীকে জীবন নাশের হুমকি দিয়ে প্রতি মাসে ৫০,০০০ টাকা চাঁদা দাবী করে। এ সময় ২নং আসামী মোঃ তোফায়েল হোসেন লিটন বাদীর একটি Samsung Galaxy মোবাইল ফোন যার মূল্য অনুমান ১২০০০ টাকা চুরি করে নিয়ে যায়। অতপর বাদীর চিৎকারে আশে পাশের লোকজন এগিয়ে আসলে আসামীগণ বাদীকে বিভিন্ন প্রকার ভয়-ভীতি ও হুমকি প্রদর্শন করে ঘটনাস্থল থেকে চলে যায়। মামলার ঘটনা তদন্তে প্রমাণিত হয়েছে মর্মে অভিযোগপত্র উল্লেখ রয়েছে;

যেহেতু, আদমদিঘী থানার মামলা নম্বর ১০(১)১৬ জিআর ১০/১৬ (দায়রা মামলা নং ১৭৯৮) এর তদন্ত শেষে প্রাথমিক সত্যতার ভিত্তিতে জনাব তোফাজ্জল হোসেনসহ ০৩ জন আসামীর বিরুদ্ধে আদমদীঘি থানার অভিযোগপত্র নং-১৫৫, তারিখ ০৩-১০-২০১৬, ধারা-৩৪১/৩২৩/৩৮৫/৩৭৯/৫০৬/১১৪ দ:বি: বগুড়া জেলার বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে দাখিল করা হয়। বিজ্ঞ আদালত কর্তৃক উক্ত অভিযোগপত্র গৃহীত হয় মর্মে অভিযোগপত্রে ও জেলা প্রশাসক, বগুড়া কর্তৃক প্রেরিত পত্রে উল্লেখ রয়েছে;

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১ এর উপ-ধারা (১) মোতাবেক "যে ক্ষেত্রে কোন পৌরসভার মেয়র অথবা কোন কাউন্সিলর অপসারণের কার্যক্রম আরম্ভ করা হইয়াছে অথবা তাহার বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হইয়াছে, সেই ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র অথবা কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থি অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হইলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে।

যেহেতু, আসামী জনাব তোফাজ্জল হোসেন কর্তৃক মেয়র হিসেবে দায়িত্ব পালন করা হলে পৌরসভায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারী এবং পৌরসভার সেবা গ্রহণকারী সাধারণ নাগরিকদের মধ্যে আতঙ্ক ও ভীতির সঞ্চার হতে পারে এবং মামলা চলমান অবস্থায় গুরুত্বপূর্ণ সাক্ষীগণের সাক্ষ্য প্রভাবিত হওয়ার যৌক্তিক আশংকা রয়েছে। এ প্রেক্ষিতে আসামী জনাব তোফাজ্জল হোসেন এর মেয়রের ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থি এবং জনপ্রতিনিধি হিসেবে জনসেবায় নিয়োজিত থাকা প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সমীচীন নয় মর্মে প্রতীয়মান হয়েছে বিধায় তাঁকে পৌরসভার মেয়র এর পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন।

সেহেতু, বগুড়া জেলার সান্তাহার পৌরসভার মেয়র জনাব তোফাজ্জল হোসেন এর বিরুদ্ধে দায়েরকৃত মামলা নম্বর ১০(১)১৬ জিআর ১০/১৬ (দায়রা মামলা নং ১৭৯৮) ধারা ৩৪১/৩২৩/৩৮৫/৩৭৯/৫০৬/১১৪ দ:বি: এর অভিযোগপত্র ১৫৫, তারিখ ০৩-১০-২০১৬ বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁকে স্থানীয় সরকার (পৌরসভা), আইন ২০০৯ এর ৩১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

**মো: আবদুর রউফ মিয়া**
উপসচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ/ ২৫ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.১৫.০০৩.১৮-১৪৭০**—২৫ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ/১১ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ তারিখ হতে নিম্নবর্ণিত ০৩ (তিন) টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হলো :

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১. | আদিতমারী গিরিজা শংকর মডেল স্কুল অ্যান্ড কলেজ, আদিতমারী, লালমনিরহাট |
| ২. | মৌডুবী মাধ্যমিক বিদ্যালয়, রাঙ্গাবালী, পটুয়াখালী |
| ৩. | বানিয়াজুরী ইউনিয়ন স্কুল এন্ড কলেজ, ঘিওর, মানিকগঞ্জ |

২। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন নাহার**
উপসচিব।

---

**[ একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত]**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ২০ নভেম্বর ২০১৮ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৪৬/৭৬(অংশ)-৬৬৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ ইকবাল হোসেন, পিতা-মোঃ তফাজ্জল হোসেন, মাতা-হাছিনা বেগম, গ্রাম-কৈয়ারধারী, ডাকঘর-উনকোট, উপজেলা-চৌদ্দগ্রাম, জেলা-কুমিল্লা, জন্ম তারিখ : ০১-০১-১৯৯৩, এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলার ০৫ নং শুভপুর ইউনিয়নের ১, ২, ৩ ও ৪ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।